

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 02-03-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**INDIA-CANADA PM Bi-lateral:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লির হায়দ্রাবাদ হাউসে কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির সঙ্গে প্রতিনিধি পর্যায়ের আলোচনা করবেন। উভয় নেতা ভারত-কানাডা কৌশলগত অংশীদারিত্বের বিভিন্ন ক্ষেত্রে এখন পর্যন্ত অর্জিত অগ্রগতি পর্যালোচনা করবেন। তারা বাণিজ্য ও বিনিয়োগ, জ্বালানি, গুরুত্বপূর্ণ খনিজ, কৃষি, শিক্ষা, গবেষণা এবং উদ্ভাবনার পাশাপাশি জনগণের সাথে জনগণের সম্পর্ক সহ গুরুত্বপূর্ণ বিষয়গুলিতে বর্তমান সহযোগিতাও পর্যালোচনা করবেন। দুই নেতা আঞ্চলিক ও আন্তর্জাতিক সম্পর্ক উন্নয়ন নিয়ে মতবিনিময় করবেন।

উভয় নেতা আজ বিকেলে ভারত-কানাডা সিইও ফোরামেও যোগ দেবেন। ভারত-কানাডা দ্বিপাক্ষিক সম্পর্ক স্বাভাবিকীকরণের এক গুরুত্বপূর্ণ সন্ধিক্ষেপে এই সফর অনুষ্ঠিত হচ্ছে। দুই প্রধানমন্ত্রী এর আগে একে অপরের উদ্বেগ এবং সংবেদনশীলতার প্রতি পারস্পরিক শ্রদ্ধা, জনগণের সাথে জনগণের শক্তিশালী সম্পর্ক এবং ক্রমবর্ধমান অর্থনৈতিক পরিপূরকের উপর ভিত্তি করে একটি গঠনমূলক এবং ভারসাম্যপূর্ণ অংশীদারিত্ব অনুসরণ করতে সম্মত হয়েছেন। উল্লেখ্য, গত বছরের মার্চ মাসে দায়িত্ব গ্রহণকারী প্রধানমন্ত্রী মার্ক কার্নি তার প্রথম পূর্ণাঙ্গ দ্বিপাক্ষিক ভারত সফরে রয়েছেন। কানাডা ভারতের একটি গুরুত্বপূর্ণ কৌশলগত অংশীদার এবং উত্তর আমেরিকায় ভারতের অন্যতম গুরুত্বপূর্ণ অংশীদার, বাণিজ্য, প্রযুক্তি, শিক্ষা এবং জনগণের সাথে জনগণের সম্পর্কের ক্ষেত্রে তাদের দৃঢ় সম্পর্ক রয়েছে।

\*\*\*\*\*

**PM- Tamilnadu**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তামিলনাড়ুর মাদুরাইতে গতকাল চার হাজার ৪০০ কোটি টাকারও বেশি মূল্যের পরিকাঠামো প্রকল্পের উদ্বোধন, জাতির উদ্দেশ্যে উৎসর্গ এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। প্রকল্পগুলির মধ্যে রয়েছে কুম্ভকোনম, ইয়েরকাড এবং ভেলোরে তিনটি নতুন আকাশবাণী এফএম রিলে ট্রান্সমিটার। এই ট্রান্সমিটারগুলি আঞ্চলিক কভারেজ সম্প্রসারণ করবে, নিরবচ্ছিন্ন এফএম সম্প্রচার নিশ্চিত করবে এবং রাজ্যের একাধিক জেলায় পাবলিক সম্প্রচার পরিষেবার সহজলভ্যতা বৃদ্ধি করবে।

\*\*\*\*\*

### **Blood Donation Camp:**

আজ শ্রী চৈতন্য মহাপ্রভুর আবির্ভাব তিথি দোল পূর্ণিমা। আগরতলাসহ সারা রাজ্যে ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। এই উপলক্ষে গতকাল আগরতলার সেন্ট্রাল রোডের শিববাড়ি প্রাঙ্গণে রক্তদান ও চক্ষু চিকিৎসা শিবিরের আয়োজন করা হয়। নিখিল ত্রিপুরা হরিভক্তি প্রচারিণী সভার উদ্যোগে ও আগরতলা রোটোরি ক্লাবের সহযোগিতায় এই শিবিরে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের সেন্ট্রাল জোনের চেয়ারপার্সন রঞ্জা দত্ত ও অন্যান্যরা। শিবিরে মোট ৬৭ জন রক্তদান করেন।

\*\*\*\*\*

### **Tribal Festival:**

কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রকের উদ্যোগে আজ থেকে আদিবাসী সম্প্রদায়ের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য উদযাপন শুরু হবে। চলবে ২৪ শে মার্চ পর্যন্ত। অনুষ্ঠানে থাকবে জনজাতি ভিত্তিক শিল্প মেলা, জনজাতি সঙ্গীত উৎসব এবং আরও নানা কর্মসূচি। এই সমস্ত অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা তাদের শিল্পকর্ম, সঙ্গীত, সংস্কৃতি এবং চিত্রকলা দেশব্যাপী দর্শকদের সামনে উপস্থাপনের সুযোগ পাবেন। সারা দেশের প্রায় এক হাজার অংশগ্রহণকারী এই কর্মসূচিতে যোগ দেবেন। কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রী জুয়েল ওরাম গতকাল সংবাদ মাধ্যমকে এখবর জানিয়েছেন।

\*\*\*\*\*

## US-Israel attack on Iran :

মার্কিন-ইজরায়েল যৌথ বিমান হামলায় আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুর পর ইরানের শীর্ষ পর্যায়ের ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলীরেজা আরাফি দেশের অন্তর্বর্তীকালীন সর্বোচ্চ নেতা হিসেবে দায়িত্ব পালন করবেন। ইরানের জাতীয় গণমাধ্যম জানিয়েছে, খামেনির মৃত্যুর পর সে দেশের সংবিধান অনুসারে জরুরি পরিস্থিতিতে তিন সদস্যের কাউন্সিল স্থায়ী উত্তরসূরি নির্বাচনের আগে পর্যন্ত সর্বোচ্চ নেতৃত্বের দায়িত্ব পালন করবে। আয়াতুল্লাহ আলীরেজা আরাফিকে এই অন্তর্বর্তীকালীন নেতৃত্ব পরিষদের শীর্ষ আইনজ্ঞ সদস্য হিসেবে নিযুক্ত করা হয়েছে। উল্লেখ্য গত দু'দিনে তেহরানে দেশটির সামরিক ও সরকারি ঠিকানা লক্ষ্য করে মার্কিন-ইজরায়েল ব্যাপক হামলায় সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনিসহ শীর্ষ ইরানি নেতারা নিহত হয়েছেন। এছাড়াও, মার্কিন-ইসরায়েল বিমান হামলায় ২০০ জন নিহত এবং ৭০০ জনেরও বেশি আহত হয়েছেন।

\*\*\*\*\*

## Dharmanagar- Voter List:

নির্বাচন কমিশনের নির্ধারিত সূচি অনুযায়ী ধর্মনগর বিধানসভা কেন্দ্রের আসন্ন উপনির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে।

সম্প্রতি প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় মোট ভোটারের সংখ্যা ৪৬, ১৪৩ জন। এর মধ্যে পুরুষ ভোটার ২২,৩৮০ এবং মহিলা ভোটার ২৩,৭৬৩ জন। সার্ভিস ভোটার রয়েছেন ৯১ জন। এর মধ্যে পুরুষ ভোটার রয়েছেন ৮৮ এবং মহিলা ভোটার ৩ জন। চলতি বছরের ১লা জানুয়ারি তারিখকে ভিত্তি বর্ষ ধরে ধর্মনগর বিধানসভা কেন্দ্রের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়ন করা হয়েছে।

\*\*\*\*\*

## Cricket:

নেশামুক্ত সমাজ গড়ার আহ্বানে ধর্মনগরে ফ্রেন্ডস ইউনিয়ন ক্লাবের ক্রিকেট টুর্নামেন্ট গতকাল শেষ হয়েছে। শ্রীপুর স্কুল মাঠে অনুষ্ঠিত ফাইনাল খেলায় নিউ রয় এন্টারপ্রাইজ দলকে হারিয়ে পদ্মপুর ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। চ্যাম্পিয়ন দলকে ২৫,০০০ টাকার এবং রানার্স-আপ দলকে ১০,০০০ টাকার চেক তুলে দেন উপস্থিত অতিথিরা।

\*\*\*\*\*

## Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ আংশিক মেঘলা থাকবে। ভোরের দিকে কুয়াশার পূর্বাভাস ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৪ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*